

# যুগান্তর

• বৃহস্পতিবার, ০৫ অক্টোবর ২০২৩, ২০ আশ্বিন ১৪৩০



## আন্তর্জাতিক স্বর্ণপদক পেলেন এনএসইউ'র ড. ফিরোজ খান

'ড. এমএ ওয়াজেদ মিয়া আন্তর্জাতিক স্বর্ণপদক-২০২২' পেয়েছেন নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) সহযোগী অধ্যাপক ও বিজ্ঞানী ড. মো. ফিরোজ খান। 'ড. এমএ ওয়াজেদ মিয়া মেমোরিয়াল ফাউন্ডেশন'-এর আয়োজনে মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবে এক অনুষ্ঠানে 'বিজ্ঞানী' ক্যাটাগরিতে তাকে এই পদক দেওয়া হয়। এনএসইউতে এক গবেষক দলের নেতৃত্ব দিয়ে অ্যারোসোল গবেষণায় বিশেষজ্ঞ ডা. খান জলবায়ু, বাতাসের মান, মানব স্বাস্থ্য এবং তাপ তরঙ্গের ওপর তাদের প্রভাব অন্বেষণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।